



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২৪ জুলাই ২০২৪

তারিখ: -----

০৯ শ্রাবণ ১৪৩১

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঋণ ও ক্রেডিট কার্ডের বকেয়া পরিশোধ এবং বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি প্রদান প্রসঙ্গে

দেশের সাম্প্রতিক পরিস্থিতিতে অনেক ঋণগ্রহীতা ও ক্রেডিট কার্ড গ্রাহকগণ ব্যাংকে তাঁদের বকেয়া অর্থ নির্ধারিত সময়ে পরিশোধ করতে সক্ষম হননি। এছাড়া, অনেক আমানতকারী ডিপোজিট পেনশন স্কিম (ডিপিএস)সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি নির্ধারিত সময়ে জমা প্রদান করতে পারেননি।

২। বর্ণিত প্রেক্ষাপটে, ১৮ জুলাই ২০২৪ হতে ২৫ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত পরিশোধযোগ্য ঋণের বকেয়া অর্থ পরিশোধ, ক্রেডিট কার্ডের বিল এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

(ক) ঋণ এবং ক্রেডিট কার্ডের পরিশোধযোগ্য অর্থ আগামী ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এরূপ বকেয়া অর্থের উপর কোনো প্রকারের সুদ/মুনাফা এবং দণ্ড সুদ/অতিরিক্ত সুদ/অতিরিক্ত মুনাফা/বিলম্ব ফি/জরিমানা (যে নামেই অভিহিত করা হোক না কেন) আদায়/আরোপ করা যাবে না।

(খ) ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের কিস্তি গ্রাহক কর্তৃক ৩১ জুলাই ২০২৪ তারিখের মধ্যে পরিশোধ করা হলে এর উপর কোনো ধরনের বিলম্ব ফি বা জরিমানা আদায়/আরোপ করা যাবে না। এছাড়া, উল্লিখিত সময়ে কোনো সঞ্চয়ী স্কিমের কিস্তি পরিশোধে গ্রাহকের অসমর্থতার কারণে তা বন্ধ/বাতিল করা যাবে না এবং পূর্বঘোষিত হারের তুলনায় কম সুদ/মুনাফা প্রদান করা যাবে না।

(গ) ইতোমধ্যে বর্ণিত ঋণ/ক্রেডিট কার্ডের উপর সুদ/মুনাফা ও দণ্ড সুদ/বিলম্ব ফি এবং ডিপিএস-সহ বিভিন্ন সঞ্চয়ী স্কিমের উপর কোনো প্রকারের বিলম্ব ফি/জরিমানা আদায়/আরোপ করা হয়ে থাকলে তা ফেরত প্রদান/সমন্বয় করতে হবে।

৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২